

## শিক্ষার সব স্তরে ইসলাম শিক্ষা বাধ্যতামূলক করার দাবি

### ■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষার সব স্তরে ইসলাম শিক্ষা বাধ্যতামূলক করাসহ ১০ দফা দাবি জানিয়েছে ইসলামি শিক্ষা উন্নয়ন বাংলাদেশ। গতকাল শনিবার সকালে পুরানা পল্টনের আজাদ সেন্টারে ইসলামি শিক্ষা উন্নয়ন বাংলাদেশের কার্যনির্বাহী কমিটির সভা থেকে অন্তর্বর্তীকালীন সরকারের কাছে এসব দাবি জানানো হয়। তাদের অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে অবিলম্বে ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ করা, প্রাথমিক বিদ্যালয়ে ধর্ম শিক্ষক নিয়োগ দেওয়া, মাধ্যমিক বিদ্যালয়ে আগের মতো হেড মাওলানা ও সহকারী মৌলভী নিয়োগ দেওয়া, সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে ইসলামি শিক্ষা খোলার ব্যবস্থা নেওয়া, যেসব কলেজে অনার্স বন্ধ করা হয়েছে তা আবার চালু করে শিক্ষক নিয়োগ দেওয়া, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা নীতিমালা ২০২৪ বাস্তবায়ন করা, মাদ্রাসা শিক্ষিতদের সব চাকরিতে প্রবেশে সমঅধিকার দেওয়া ইত্যাদি।